গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কোম্পানীগঞ্জ, সিলেট
www.companiganj.sylhet.gov.bd

স্মারক নং ০৫.৪৬.৯১২৭.০০৩.৩৩.০৬৫.২৫-৬৯২ তারিখ: ১৮/০৫/২০২৬

# কোম্পানীগঞ্জ উপজেলাধীন অস্থায়ী পশুর হাট ইজারার প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোম্পানীগঞ্জ উপজেলার ১৪৩৩ বাংলা সনে পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে নিম্নবর্ণিত হাটে বর্ণিত শর্তাধীনে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পশুর হাট ইজারা প্রদান করা হবে। আগ্রহী ইজারাদারগণকে নিম্নে উল্লেখিত তারিখ, সময় ও স্থানে প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হল।

| ক্রমিক | ইউনিয়নের নাম | অস্থায়ী পশুর হাটের নাম | সরকারি ইজারা মূল্য |
|---|---|---|---|
| ০১ | ইসলামপুর পশ্চিম | পাড়ুয়া বাজার | ৪২,৪০০/- |
| ০২ | উত্তর রণিখাই | আদর্শ চরার বাজার | ৫৩,০০০/- |

নিলামের ডাকের স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, কোম্পানীগঞ্জ, সিলেট
তারিখ ও সময় : ২১ মে ২০২৬, দুপুর ১২.০০ ঘটিকা

শর্তাবলী : -

০১। নিলাম ডাকে অংশগ্রহণকারীগণ নিলাম ডাকের ১ ঘন্টা পূর্বে তাদের নাম ও ঠিকানা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরকারি মূল্যের ৩০% টাকা জামানতসহ (নগদ/পে-অর্ডার) দাখিল করতে হবে।
০২। সর্বোচ্চ ডাককারীর ডাক কোন প্রকার ওজর আপত্তি ব্যতিরেকে গ্রহণ করা হবে এবং নিলামের অর্থ সাথে সাথে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে এবং উক্ত অর্থের ১৫% হারে ভ্যাট ও ১০% হারে আয়কর যথানিয়মে সরকারি কোষাগারে জমা করতে হবে।
০৩। এতদসংক্রান্ত কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য করা হবে।
০৪। অস্থায়ী পশুর হাট নির্ধারিত সীমানার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। হাটের কোন জায়গা অস্থায়ী পশুর হাট ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।
০৫। সরকার অনুমোদিত হারে টোল আদায় করতে হবে। সরকারি হারের অতিরিক্ত টোল আদায় করা যাবে না।
০৬। পাকা রশিদ ব্যতিত টোল আদায় করা যাবে না। ভিড় এড়াতে মূল্য পরিশোধ ও হাসিল আদায় কাউন্টারের সংখ্যা বাড়াতে হবে।
০৭। ইজারাগ্রহীতাকে দৃশমান একাধিক স্থানে সর্বসাধারনের অবগতির জন্য টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।
০৮। হাটবাজার ও সংলগ্ন এলাকা পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
০৯। রেল লাইন এবং জাতীয়/ আঞ্চলিক মহাসড়কের উপর বা সন্নিকটে কোন হাট বাজার বসানো যাবে না।
১০। পশুর হাটে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে।
১১। হাটে একটি পশুর সারি হতে অন্য সারির দুরত্ব অন্ততপক্ষে ১৫ ফুট রাখতে হবে। একটি পশু থেকে আরেকটা পশু এমনভাবে রাখতে হবে যেন ক্রেতাগণ কমপক্ষে ৩ ফুট বা ২ হাত দুরত্ব বজায় রেখে পশু ক্রয় করতে পারেন।
১২। হাটে প্রবেশ ও বের হওয়ার জন্য আলাদা পথ রাখতে হবে।
১৩। পশুর হাটে স্বাস্থ্য বিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে।
১৪। হাটের প্রবেশ পথে হাত ধোয়ার ব্যবস্থা রাখতে হবে এবং পর্যাপ্ত হ্যান্ড স্যানিটাইজার রাখতে হবে।
১৫। জীবানুনাশকের ব্যবস্থা রাখতে হবে।
১৬। আইনশৃঙ্খলা বাহিনীর পাশাপাশি নিজস্ব স্বেচ্ছাসেবক দ্বারা শৃঙ্খলা রক্ষা করতে হবে।
১৭। প্রস্তাবিত মাঠ /স্থানের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হতে হাট বসানোর অনাপত্তি প্রস্তাবকারী প্রতিষ্ঠান কর্তৃক সংগ্রহ করতে হবে।
১৮। হাটে ইউনিয়ন পরিষদ কর্তৃক এক বা একাধিক ভ্রাম্যমাণ স্বেচ্ছাসেবী মেডিকেল টিম গঠন করে সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১৯। বর্ণিত স্থানে অস্থায়ী হাট ইজারা প্রদানের ক্ষেত্রে সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা ও ইজারা নীতিমালা,২০১১ অনুসরণ করতে হবে।
২০। অনুমতি পাওয়ার পর হতে ঈদের দিন পর্যন্ত সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পশুর হাট বসানো যাবে।
২১। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন শর্ত পরিবর্তন অথবা কোন ডাক বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮/০৫/২০২৬

মোহাম্মদ রবিন মিয়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, সিলেট।
unocompaniganjsylhet@gmail.com
ফোন: ০১৭৩০৩৩১০৩৩

স্মারক নং ০৫.৪৬.৯১২৭.০০৩.৩৩.০৬৫.২৫-৬৯২

তারিখ: ১৮/০৫/২০২৬

অনুলিপি : সদয় অবগতি / কার্যার্থে

০১। জেলা প্রশাসক, সিলেট

০২। প্রশাসক, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট

০৩। সহকারী কমিশনার (ভূমি), কোম্পানীগঞ্জ, সিলেট

০৪। অফিসার ইনচার্জ, কোম্পানীগঞ্জ থানা, সিলেট

০৫। উপজেলা.................................................কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট

০৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি, কোম্পানীগঞ্জ, সিলেট। ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

০৭। সভাপতি/সম্পাদক, কোম্পানীগঞ্জ প্রেসক্লাব, সিলেট

০৮। চেয়ারম্যান ...............,......................................ইউ/পি, কোম্পানীগঞ্জ, সিলেট

০৯। ইজারাদার, .........................................., হাটবাজার, কোম্পানীগঞ্জ, সিলেট

১০। জনাব -----------------------------------------------------------------------------------

১১। নোটিশ বোর্ড

১৮/০৫/২৬

মোহাম্মদ রবিন মিয়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, সিলেট।
unocompaniganjsylhet@gmail.com
ফোন: ০১৭৩০৩৩১০৩৩